দামুড়হুদার জগনাথপুরে অবৈধ আলমসাধু উল্টে চালকের মৃত্যু

দামুড়হুদার জগন্নাথপুরে দুটি কুকুর বাঁচাতে গিয়ে অবৈধ আলমসাধু উল্টে চালক বাবু শাহ নিহত হয়েছেন। নিহত আলমসাধু চালক বাবু শাহ মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের রুহুল শাহর ছেলে।

আজ সোমবার দুপুর আনুমানিক সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলার জগন্নাথপুর-বোয়ালমারি সড়কের জগন্নাথপুর গ্রামে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের অবৈধ আলমসাধু চালক বাবু শাহ কাজ শেষে জগন্নাথপুর বাজার হয়ে নিজ বাড়ি ফিরছিলেন। দ্রুত গতির আলমসাধু নিয়ে বাড়ি ফেরার পথে দামুড়হুদা উপজেলার জগনাথপুর গ্রামে পৌঁছালে রাস্তার উপর দুটি কুকুর কে শুয়ে থাকতে দেখে কুকুর দুটিকে বাঁচানোর চেষ্টা করে চালক। ওই সময় আলমসাধু টি উল্টে গিয়ে চালক বাবুর মাথার উপর পড়ে। ঘটনাস্থলেই আলমসাধু চালক বাবুর মৃত্যু হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: আলমগীর কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে মরদেহ থানা হেফাজতে নিয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।